

নং-২০.০০.০০০০.৩৩২.২৯.০০৪.১৬- ৩০০

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ  
৩০ মে, ২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ- পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল গঠন।**


সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫-২৮১, তারিখঃ ২১/০৪/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থা এবং পরিকল্পনা কমিশনের বিভাগসমূহের কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম ও লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং ফলাফল মূল্যায়ন করার নিমিত্তে নিম্নোক্ত অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সমন্বয়ে পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল (Expert Pool) গঠন করা হলোঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	ফোন নম্বর ও ই-মেইল
১।	জনাব মোঃ নজরুল ইসলাম সচিব (অবসরপ্রাপ্ত), সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।	মোবাইলঃ ০১৮১৭৬১২১০১ ই-মেইলঃ nazrulislam@gmail.com
২।	ড. মোঃ জহিরুল ইসলাম প্রধান (অবসরপ্রাপ্ত), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।	মোবাইলঃ ০১৭১৫০৯৭৭৭৪ ই-মেইলঃ jahir200903@yahoo.com
৩।	জনাব মোঃ রেজাউল করিম প্রধান (অবসরপ্রাপ্ত), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।	মোবাইলঃ ০১৭৭৬২৯০৮১৪ ই-মেইলঃ karimrm03@gmail.com

২। বিশেষজ্ঞ পুলের কর্মপরিধি নিম্নরূপঃ

- (ক) পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থা এবং পরিকল্পনা কমিশনের বিভাগসমূহ কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনের জন্য পরামর্শ প্রদান;
- (খ) পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থা এবং পরিকল্পনা কমিশনের বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান; এবং
- (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত অন্যান্য বিষয়ে পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থা এবং পরিকল্পনা কমিশনের বিভাগসমূহকে যথাযথ সহায়তা প্রদান।

  
(শ্যামল কুমার সিংহ)

উপসচিব

ফোনঃ ৯১১৭৯১৪


E-mail: dsplandivco@gmail.com

নং-২০.০০.০০০০.৩৩২.২৯.০০৪.১৬- ৩০০

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ  
৩০ মে, ২০১৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা।
৩. জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব (অবসরপ্রাপ্ত), সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. ড. মোঃ জহিরুল ইসলাম, প্রধান (অবসরপ্রাপ্ত), সাধারণ অর্থনীতি বিভাগ পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮. জনাব মোঃ রেজাউল করিম, প্রধান (অবসরপ্রাপ্ত), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/কমিশন, ঢাকা। (সচিব/সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
(শ্যামল কুমার সিংহ)  
উপসচিব